অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পরিষ্কার পানি রক্ষা করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্কের চাষীদের সমর্থন করার জন্য 13 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করলেন

50টি কৃষি প্রকল্পের জন্য তহবিল প্রদান করা হবে যাতে পুরো স্টেটের চাষীরা অগ্রাধিকারপ্রাপ্ত জলাশয়ে পানির মান উন্নত করতে পারে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে পরিষ্কার পানির মান রক্ষা করতে এবং নিউ ইয়র্কের চাষীদেরকে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন করতে তাদের কাজ অব্যাহত রাখার ক্ষেত্রে সাহায্য করতে 13 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে। তহবিলটি কৃষিজ পানির মান সংরক্ষণ প্রকল্পসমূহকে সমর্থন করবে, যা 50টি খামারকে লাভবান করবে, অগ্রাধিকারপ্রাপ্ত জলাশয়ে পানির মান উন্নত করবে এবং পরিবেশের সুরক্ষা করবে। প্রকল্পগুলি অর্থায়িত হয়েছে স্টেটের কৃষিজ ননপয়েন্ট উৎসে উপশম ও নিয়ন্ত্রণ কর্মসূচি (Agricultural Nonpoint Source Abatement and Control program) দ্বারা।

"নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে দেশকে নেতৃত্ব দিচ্ছে, এবং এই 13 মিলিয়ন মার্কিন ডলার হলো সকলের জন্য সবুজতর নিউ ইয়র্ক গঠনে উচ্চাকাঙ্ক্ষী প্রচেষ্টার অংশ হিসেবে সর্বশেষ সাহসী বিনিয়োগ," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন পুরো স্টেটের স্থানীয় সম্প্রদায়গুলিকে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে তারা ভবিষ্যতের জন্য তাদের জলাশয় ও পরিবেশ সংরক্ষণ করার জন্য অধিক প্রস্তুত থাকতে পারে। এই প্রকল্পগুলি নিউ ইয়র্কের ওয়াটারওয়ে এবং চাষের জমিকে রক্ষা করবে, খামারগুলিতে টেকসই, মূল্য-সাশ্রয়ী পরিবেশগত ব্যবস্থাপনা প্রকল্প উৎসাহিত করার মাধ্যমে।"

প্রকল্পগুলি প্রদত্ত হয়েছে 24টি কাউন্টি মাটি ও পানি সংরক্ষণ জেলাকে (County Soil and Water Conservation Districts), যারা খামারের পক্ষে যা ওয়াটারওয়েতে পরিপোষক পদার্থ ও অন্যান্য সম্ভাব্য দূষণকারী পদার্থের প্রবেশ ঠেকাতে খামারের পরিবেশগত পরিকল্পনা এবং সেরা ব্যবস্থাপনা অনুশীলন (best management practice, BMP) ব্যবস্থা বাস্তবায়ন সমর্থন করবে। BMP তে রয়েছে অনেক ধরনের ব্যবস্থা, যার মধ্যে আছে ঝর্ণার ধার দিয়ে বনজ বাফার, ঢাকনা ফসল, সার জমা রাখার মাধ্যমে পরিপোষক পদার্থ ব্যবস্থাপনা এবং অন্যান্য সংরক্ষণ ব্যবস্থা।

কৃষিজ ননপয়েন্ট উৎসে উপশম ও নিয়ন্ত্রণ কর্মসূচির রাউন্ড 28-র অনুদানসমূহ প্রদত্ত হয়েছে:

- **ক্যাপিটাল রিজিয়ন:** একটি খামারের সাথে 344,100 মার্কিন ডলার
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক:** 14টি খামারের সাথে কাজ করতে 3,171,731 মার্কিন ডলার
- **ফিঙ্গার লেকস:** আটটি খামারের সাথে কাজ করতে 3,769,447 মার্কিন ডলার
- **মোহক ভ্যালি:** তিনটি খামারের সাথে কাজ করতে 1,447,718 মার্কিন ডলার
- **নর্থ কান্ট্রি:** 14টি খামারের সাথে কাজ করতে 2,040,152 মার্কিন ডলার
- **সাউদার্ন টিয়ার:** পাঁচটি খামারের সাথে কাজ করতে 1,554,356 মার্কিন ডলার
- **পশ্চিম নিউ ইয়র্ক:** পাঁচটি খামারের সাথে কাজ করতে 803,172 মার্কিন ডলার

অর্থ প্রাপ্ত প্রকল্পের একটি সম্পূর্ণ তালিকার জন্য, অনুগ্রহ করে কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets) ওয়েবসাইট ভিজিট করুন।

গত 28 বছর ধরে, নিউ ইয়র্ক স্টেট 600টি পৃথক জলাশয়ের প্রকল্পকে সহায়তা প্রদান করেছে, যার মধ্যে রয়েছে পরিবেশের উপকার করে এবং কৃষিক্ষেত্রের কার্যকারিতা বৃদ্ধি করে এমন কৃষিক্ষেত্রগুলিকে পুষ্টির সরবরাহ এবং শস্যের পুষ্টির চাহিদার মধ্যে সামঞ্জস্য রাখতে সক্রিয়ভাবে সহায়তা করার জন্য 1,350টি পরিপোষক পদার্থ ব্যবস্থাপনা এবং সার সংরক্ষণ প্রকল্প। 800 একরের বেশি রিপারিয়ান বাফার তৈরি করা হয়েছে পরিপোষক পদার্থ ও পলি ফিল্টার করতে, ভূপৃষ্ঠের পানি রক্ষা করতে, ঝর্ণার পাড় স্থিতিশীল করতে, জলজ জীব উন্নত করতে এবং হ্রাস করার জন্য।

পাশাপাশি, 140,000 একরের বেশি ঢাকনা ফসল বোনা হয়েছে ভূমিক্ষয়, মাটির স্বাস্থ্য উন্নয়ন এবং মাটিতে জৈব পদার্থ বৃদ্ধি করার জন্য, যা ফসল বড় হওয়ার সময়কার চাহিদা অনুযায়ী পানি ধরে রাখে। কভার ক্রপ এছাড়াও কার্বন কমায়, ফলে নিউ ইয়র্কের খামারিদের জলবায়ু পরিবর্তনের সাথে লড়াইয়ে সাহায্য করে। প্রোগ্রামের রাউন্ড 28-র মাধ্যমে, আনুমানিক 5,600 একর ঢাকনা ফসল বাস্তবায়িত হবে। রিপারিয়ান বাফার হল আরেকটি অনুশীলন যা পানির মান সুবিধার পাশাপাশি কার্বন হ্রাস করে। রাউন্ড 28 এর মাধ্যমে 28 একরের বেশি হার্বাসিয়াস ও বনজ বাফার বাস্তবায়িত হবে।

স্টেট কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "চাষীরা ভূমির দারুন যত্ন নেয়, এবং স্টেটজুড়ে কাউন্টির ভূমি ও পানি সংরক্ষণ জেলাগুলির সাথে কাজ করে, তারা এমন উপায়ে চাষ করতে প্রতিশ্রুতিবোধ যাতে তাদের পরিবেশগত পদচিহ্ন হ্রাস করা যায় এবং আমাদের প্রাকৃতিক সংস্থানকে সংরক্ষণ করা যায়। এমন কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটকে মার্কিন যুক্তরাষ্ট্রে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিতে এবং সকলের জন্য একটি স্বাস্থ্যকর, সমৃদ্ধ পরিবেশ নিশ্চিত করতে সাহায্য করে।"

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "এনভায়রনমেন্টাল প্রোটেকশন তহবিলে গভর্নর হোকলের রেকর্ড বিনিয়োগ দ্বারা স্টেট পরিষ্কার পানি সংরক্ষণের জন্য নজিরবিহীন বিনিয়োগ করছে। নতুন এই অনুদানগুলি চাষীদের তাদের প্রতিদিনের কাজে সমর্থন করবে এবং এগুলি একটি মুখ্য উদাহরণ যে কীভাবে এই তহবিল নিউ ইয়র্ক স্টেটে এমন পরিবেশগতভাবে সঠিক ব্যবস্থাপনা পরিকল্পনা নিশ্চিত করতে পারে যা আমাদের প্রাকৃতিক

সংস্থানকে রক্ষা করবে। DEC আমাদের সকল স্টেট অংশীদারদের সাথে এমন প্রকল্পে একত্রে কাজ করতে পেরে গর্বিত যাতে আমরা আমাদের জলবায়ু পদক্ষেপের লক্ষ্য অর্জন করতে পারি, ভবিষ্যৎ প্রজন্মের জন্য আরো পরিচ্ছন্ন, আরো টেকসই পরিবেশ পাওয়ার জন্য।"

নিউ ইয়র্ক স্টেট মাটি ও পানি সংরক্ষণ কমিটির (Soil and Water Conservation Committee) চেয়ারম্যান ডেল স্টেইন বলেন, "আজকে ঘোষিত অর্থ নিউ ইয়র্কজুড়ে খামার এবং ভূমি ও পানি সংরক্ষণ জেলাগুলিকে আগামী বহু বছরের জন্য পানির মান রক্ষা করতে এবং ভূমির স্বাস্থ্য উন্নত করতে সাহায্য করবে। আমরা আনন্দিত যে কৃষিজ ননপয়েন্ট কর্মসূচি নিউ ইয়র্কের কৃষিতে এমন দারুন প্রভাব রাখা এবং খামারগুলিকে জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে লড়াই করতে এবং নিজেদের ভূমির স্টুয়ার্ড থাকতে সাহায্য করা অব্যাহত রেখেছে।"

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "নিউ ইয়র্কের চাষীরা আমাদের প্রাকৃতিক সংস্থানের শীর্ষ স্টুয়ার্ড, এবং যেহেতু জলবায়ু সঙ্কট তীব্রতর হচ্ছে, তাই আমাদের পরিষ্কার পানির সংস্থান রক্ষা করতে এবং আমাদের খাদ্য উৎপাদনকারী ভূমি রক্ষা করতে চাষীদের তাদের প্রয়োজনীয় সরাসরি আর্থিক সমর্থন প্রদান করা আগে কখনোই এতো গুরুত্বপূর্ণ ছিলো না। নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব এবং কৃষিজভাবে টেকসই হওয়া একইসাথে চলে, এবং কৃষিজ ননপয়েন্ট উৎসে উপশম ও নিয়ন্ত্রণ কর্মসূচির জন্য বছরের পর বছর আমরা যেই তহবিল নিশ্চিত করি তা এই অংশীদারিত্ব কে মজবুত করতে সাহায্য করে।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন, "কৃষিজ ননপয়েন্ট উৎসে উপশম ও নিয়ন্ত্রণ কর্মসূচিটি চাষীদের জলবায়ু পরিবর্তনের প্রভাব সমাধানে সাহায্য করতে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কর্মসূচিটি পানির দূষক প্রতিরোধকে সমর্থন করে খামারের পরিবেশগত পরিকল্পনার সেরা অনুশীলন ব্যবহার করে, যা প্রতিটি স্বতন্ত্র খামারের জন্য বিশেষভাবে তৈরি করা হয়। আমি এইসব প্রশমন প্রচেষ্টায় যেই পরিশ্রম করা হয় তার প্রশংসা করছি এবং ভূমি ও পানি সংরক্ষণ জেলাগুলিকে, এবং এইসব তহবিল পাওয়ার জন্য যেই চাষীরা আবেদন করেছে তাদেরকে বিশেষ করে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্কের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস, নিউ ইয়র্ক স্টেট মাটি ও পানি সংরক্ষণ কমিটির সঙ্গে সমন্বয় করে এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম পরিচালনা করে। এই কর্মসূচিটি এগ্রিকালচারাল এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট (Agricultural Environmental Management, AEM) পরিকাঠামোর একটি অংশ হিসেবে কাজ করে, যা কৃষকদের পরিবেশগত তত্ত্বাবধানের উচ্চতর মাত্রা এবং অধিক দক্ষ, ও সাশ্রয়ী কৃষিকাজের পদ্ধতি অর্জন করার ক্ষেত্রে সহায়তা করার জন্য এক ব্যাপক ও বিস্তৃত প্রয়াস।

এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম পানির গুণগত মান সুরক্ষা প্রদানের জন্য স্টেটের ঐতিহাসিক প্রচেষ্টার উপর ভিত্তি করে গড়ে উঠেছে, যার মধ্যে রয়েছে স্টেটের অভূতপূর্ব 3.5 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি যাতে সকল নিউ ইয়র্কবাসী বিশুদ্ধ পানি পেতে পারে এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য আগ্রাসী পদক্ষেপ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418